

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
আইসিটি শাখা  
www.ird.gov.bd

**বিষয় : এ বিভাগের প্রস্তুতকৃত সফটওয়্যার জাতীয় ডাটা সেন্টারে হোস্টিং সংক্রান্ত সভার কার্যবিবরণী**

সভাপতি : যুগ্মসচিব (প্রশাসন), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।  
তারিখ : ০১ নভেম্বর ২০২১  
সময় : সকাল ১১.০০ ঘটিকা  
স্থান : অভ্যন্তরীণ সম্পদ বিভাগের কক্ষ নং-২২৪  
উপস্থিতি : পরিশিষ্ট ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি কার্যপত্র অনুযায়ী সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য এ বিভাগের প্রোগ্রামার জনাব সামি কবির-কে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, এ বিভাগের তত্ত্বাবধানে ৪ টি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে। সফটওয়্যারসমূহের বিবরণ নিম্নরূপ:

ক্রম	সফটওয়্যারের নাম	প্রস্তুতকারী প্রতিষ্ঠান	হোস্টিং সার্ভার	ইনস্টলেশনের বছর
১	এসিআর ব্যবস্থাপনা	Softwind Tech Ltd	ন্যাশনাল ডাটা সেন্টার ( <a href="http://103.48.18.224:8081/ird-0.0.1-SNAPSHOT/">http://103.48.18.224:8081/ird-0.0.1-SNAPSHOT/</a> )	২০১৯
২	সঞ্চয় অ্যাপ	eLogical IT Experts Ltd	ক্লাউডওয়েজ (couldways.com)	২০২০
৩	স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম	Orionis Soft-Tech Ltd	ভিপিএসডাইম (vpsdime.com)	২০২১
৪	ফরেন ভিজিট ট্র্যাকার সফটওয়্যার	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ	Local Host	২০২১

০২। অতঃপর আলোচ্য বিষয়সমূহ অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	‘এসিআর ব্যবস্থাপনা’ অনলাইন সিস্টেমটি ২০১৯ সালে ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে। হোস্টিং সংক্রান্ত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) ও এ বিভাগের মধ্যে সম্পাদিত Service Level Agreement (SLA) পরিবীক্ষণ করে দেখা যায়, সফটওয়্যারটি হোস্টিং এর জন্য ৪টি ভার্চুয়াল প্রাইভেট সার্ভার (ভিপিএস) নেওয়া হয়েছে। কিন্তু এ বিভাগের নিকট কোন ভিপিএস-এর একসেস নেই।	বিসিসি হতে সফটওয়্যারটির ভিপিএস ক্রেডেনশিয়াল সংগ্রহ করে Allocated Memory Size জেনে নিতে হবে। Free Memory Space থাকা সাপেক্ষে বাকি ৩ টি software এই ভিপিএস-এ হোস্ট করতে হবে।	আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

২	সঞ্চয়পত্র ক্রয় সংক্রান্ত তথ্য সম্বলিত 'সঞ্চয় অ্যাপ' Dynamic মোবাইল অ্যাপ্লিকেশনটি ২০২০ সালে প্রস্তুত করা হয়েছে। অ্যাপ্লিকেশনটির এনড্রয়েড-অএস (Android-OS) সাপোর্টেড ভার্সন গুগল প্লে স্টোরে এবং আই-অএস (i-OS) সাপোর্টেড ভার্সন অ্যাপ স্টোরে স্থাপন করা হয়েছে। অ্যাপ্লিকেশনটির ডাটা-সোর্স প্রাইভেট সার্ভারে (couldways.com) হোস্টিং করা হয়েছে। অ্যাপ্লিকেশনটির ক্যালকুলেটর আপডেট করে ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং স্থানান্তরের বিষয়ে আলোচনা হয়।	হালনাগাদ তথ্যসহ অ্যাপ্লিকেশনটির ক্যালকুলেটর আপডেট করে ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং স্থানান্তরের বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে। পাশাপাশি হালনাগাতকৃত অ্যাপটি প্লে স্টোর ও অ্যাপ স্টোরে আপলোড করতে হবে।	মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৩	'স্টোর ম্যানেজমেন্ট সিস্টেম' টি ২০২১ সালে প্রাইভেট সার্ভারে (vpsdime.com) হোস্টিং করা হয়েছে। ভেভরের (Orionis Soft-Tech Ltd) নিকট হতে সোর্সকোডসহ আনুসঙ্গিক বিষয়াদি বুঝে নেয়া হয়নি।	ভেভর হতে সোর্সকোডসহ আনুসঙ্গিক বিষয়াদি বুঝে নিয়ে ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং স্থানান্তর করতে হবে।	আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
৪	'ফরেইন ডিজিট ড্র্যাকার সফটওয়্যার'-টি এ বিভাগের ইন-হাউজ-ডেভেলপমেন্টে প্রস্তুত করা হয়েছে। সফটওয়্যারটি ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং করার বিষয়ে আলোচনা হয়।	সফটওয়্যারটি ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্ট করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

(মোঃ শফিকুর রহমান)  
যুগ্মসচিব (প্রশাসন)  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

নং- ০৮.০০.০০০০.০৪৬.৩৫.০০১.২১.২

তারিখ: ১৬ কার্তিক ১৪২৮  
০২ নভেম্বর ২০২১

সদয় ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা;
- ২। জনাব মো: ফরহাদ খান পাঠান, সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
- ৩। জনাব মো: মঈনুল আলম, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
- ৪। জনাব আনন্দ কুমার বিশ্বাস, সহকারী প্রোগ্রামার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
- ৫। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ;
- ৬। অফিস কপি।

  
(সামি কবির) ০২/১১/২০২১  
প্রোগ্রামার  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ